# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৩

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ জবান দিয়ে অন্যায় প্রতিহত না করে কঠোরভাবে হাত দিয়ে প্রতিহত করা জায়েয, যখন এর মাধ্যমে সীমালজ্ঘন করা না হবে

## ذِكْرُ جَوَازِ زَجْرِ الْمَرْءِ الْمُنْكَرَ بِيَدِهِ دُونَ لِسَانِهِ إِذَا لَمْ يَكُنْ فِيهِ تَعَدٍّ

আরবী

أخبرنا أبو يعلى قال: حدثنا المقدمي ورحمويه قالا: حَدَّثَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: سَمِعْتُ النُّعْمَانَ بْنَ رَاشِدٍ عَنِ الزُّهْرِيِّ عَنْ عَطَاءِ بْنِ يَزِيدَ اللَّيْثِيِّ عَنْ أَبِي ثَعْلَبَةَ الْخُشَنِيِّ قَالَ: (قَعَدَ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلٌ وَعَلَيْهِ خَاتَمٌ مِنْ ذَهَبٍ فَقَرَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدَهُ بِقَضِيبٍ كَانَ فِي يَدِهِ ثُمَّ غَفَلَ عَنْهُ فَأَلْقَى الرَّجُلُ خَاتَمَهُ ثُمَّ نَظَرَ إِلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: أَيْنَ خاتمُك؟ قَالَ: أَلْقَيْتُهُ قَالَ: أَظُنُّنَا قد أوجعناك وأغرمناك.)

قَالَ أَبُو حَاتِمٍ: النُّعْمَانُ بْنُ رَاشِدٍ رُبَّمَا أَخْطَأَ عَلَى الزُّهْرِيِّ

الراوي : أَبو ثَعْلَبَةَ الْخُشَنِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 303 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩০৩. আবু সা‘লাবা আল খুশানী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে বসলেন। সে ব্যক্তি একটি স্বর্ণের আংটি পরিহিত ছিল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর হাতে থাকা ডাল দিয়ে সে ব্যক্তির হাতে আঘাত করলেন। (এর মাধ্যমে তিনি তাকে আংটি খুলে ফেলার জন্য ইঙ্গিত করেন।) তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার থেকে অন্যমনস্ক হলে, সে ব্যক্তি তার আংটি খুলে ফেলে দেন। এরপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার দিকে তাকিয়ে বলেন: “তোমার আংটি কোথায়?” তিনি বলেন: “আমি সেটা ফেলে দিয়েছি।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “সম্ভবত আমরা তোমাকে কষ্ট ও ক্ষতির মধ্যে ফেলে দিয়েছি।” [1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: “নু‘মান বিন রাশিদ নামক রাবী ইমাম যুহরীর হাওয়ালায় কোন কোন সময় ভুল হাদীস বর্ণনা করেন।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/১৯৫; তাহাবী, শারহু মা'আনিল আসার: ৪/২৬১; নাসাঈ: ৮/১৭১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ য‘ঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আদাবুয যিফাফ: ১২৬, ১২৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা‘লাবাহ্ আল খুশানী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88602

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন